

তারিখ: 21 DEC 2002

পৃষ্ঠা: ১১

### জাপানের কাগজ



বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস কাউন্সিল (বিএসসি) এ বছর ৩০০ মেধাবী দক্ষিণ শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করে।

## ৩০০ মেধাবী শিক্ষার্থীকে বিএসসি বৃত্তি প্রদান

# বাংলাদেশে নিপ্পন ফাউন্ডেশনের কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান

কাগজ প্রতিবেদক : জাপানভিত্তিক নিপ্পন ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় বাংলাদেশ ফার্মাসিউটিক্যালস কাউন্সিল (বিএসসি) এ বছর ৩০০ মেধাবী দক্ষিণ শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করেছে। দেশের শীর্ষস্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের মধ্য থেকে বাছাই করা এই ছাত্রছাত্রীদের গড়কাল ওসমানী স্মৃতি মিলনায়তনে নগদ টাকা এবং একটি বৃত্তিপত্র প্রদান করা হয়।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী বিয়াক রহমান। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, নিপ্পন ফাউন্ডেশনের সভাপতি ইয়োহি সাসাকাওয়া, বিএসসির প্রধান উপদেষ্টা ডাক্তার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আমিনুল ইসলাম, বিএসসির প্রতিষ্ঠাতা সভাপতি অজিত কুমার বড়ুয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় অধ্যাপক ডা. নুরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, মানবতাবাদী প্রতিষ্ঠান নিপ্পন ফাউন্ডেশনের এই সহায়তামূলক কার্যক্রম বাংলাদেশের মেধাবী পরিব্রাজকদের মেধা ও মনন বিকাশে বিশেষ ভূমিকা রাখবে। তিনি বিশ্বের দেশে নিপ্পন ফাউন্ডেশনের মানবতাবাদী কার্যক্রমের ভূমিকা প্রশংসা করেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী নিপ্পন ফাউন্ডেশনের সভাপতি ইয়োহি সাসাকাওয়াকে মানবপ্রেমিক হিসেবে উল্লেখ করে বাংলাদেশে জাপানের এ ধরনের আর্থিক সহায়তা অব্যাহত রাখার আহ্বান জানান।

ইয়োহি সাসাকাওয়া তার বক্তব্যে বলেন, বাংলাদেশের মেধাবী পরিব্রাজকদের শিক্ষা কার্যক্রমে সহায়তা করতে পেরে আমরা আনন্দিত। তিনি বলেন, জন্মগ্রহণের সময় মানুষে মানুষে কোনো ভেদাভেদ থাকে না। কিন্তু বর্তমানে বস্তুবত্তা হলো বিশ্বের ৮৪ কোটি মানুষ প্রতি রাতে দুখার্ত থাকে। বাংলাদেশে বাহ্যি, দারিদ্র্য, শিক্ষা প্রভৃতি খাতে বর্তমান সাহায্য অব্যাহত রাখার বিষয়ে তিনি প্রতিশ্রুতি দেন।

জাতীয় অধ্যাপক নুরুল ইসলাম বলেন, জাপানের আর্থিক অত্র কেনার মতো ক্ষমতা ও অর্থ থাকলেও তারা আর্থিক অত্র না কিনে মানবিক অত্র জোগাড় করেছে। বিশ্বব্যাপী তারা মানুষের মধ্যে মানবিকতা বোধ বিস্তারের কাজে সন্দ্বৃত্ত রয়েছে।

অধ্যাপক আমিনুল ইসলাম বলেন, আমরা কেবল বিদ্যান ছাত্রছাত্রী চাই না, আমরা এমন ছাত্রছাত্রী চাই যারা একইসঙ্গে বিদ্যান এবং মহৎ হৃদয় শ্রাণ।

প্রসঙ্গত, ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত বিএসসি প্রতি বছরই দেশের বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী পরিব্রাজকদের নিপ্পন ফাউন্ডেশনের সহায়তায় বৃত্তি প্রদান করে আসছে।